



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 9
Class - 2

Subject : Bengali Grammar
Topic : অনুচ্ছেদ লিখন

Date : 12.08.2020

১) 'স্বাধীনতা দিবস' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত : সূচনা — বছরের কোন্ তারিখে এই উৎসব পালন করা হয়? — যাঁদের আত্মত্যাগে আমরা এই স্বাধীনতা পেয়েছি তাঁদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য কয়েকজনের নাম — স্বাধীনতা দিবস উদ্‌যাপন — আমরা স্বাধীনতা দিবস কেন পালন করি?

নমুনা অনুচ্ছেদ

যে কোনো দেশের কাছে স্বাধীনতা দিবস একটি পবিত্র দিন। প্রায় দুশো বছর ব্রিটিশ শাসনে থাকার পর আমাদের দেশ স্বাধীন হয়েছে। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারত স্বাধীনতা লাভ করে। তারপর থেকে প্রতি বছর এই দিনটি স্বাধীনতা দিবস রূপে সারা দেশে শ্রদ্ধার সঙ্গেই পালন করা হয়। ক্ষুদিরাম, মাতঙ্গিনি হাজরা, ভগৎ সিং, প্রফুল্ল চাকী, মাস্টারদা সূর্যসেন, বিনয়, বাদল, দীনেশ প্রমুখ ভারতের বীর সন্তানরা হাসতে হাসতে প্রাণ দিয়েছেন এই স্বাধীনতার জন্য। এছাড়া নেতাজি, মহাত্মা গান্ধি প্রমুখ নেতারা দেশের জন্য বহু দুঃখ কষ্ট স্বীকার করেছেন। তাই স্বাধীনতার দিনটি প্রত্যেক ভারতবাসীর কাছে খুবই গর্বের ও আনন্দের দিন। এই দিনটিতে দিল্লীর লালকেল্লা থেকে শুরু করে সারা দেশের সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে, বিভিন্ন স্কুল - কলেজে, বাড়িতে বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়া এই পবিত্র দিনটিতে আমরা স্মরণ করি তাঁদের, যাঁরা আমাদের দেশের স্বাধীনতার জন্য প্রাণ দিয়ে শহিদ হয়েছেন। স্বাধীনতা দিবস পালনের মধ্যে দিয়ে আমাদের মনে দেশপ্রেম জেগে ওঠে তাই এই দিনটি পালন করা আমাদের অবশ্য কর্তব্য।

Rita Das

x